



কোস্ট ফাউন্ডেশন

আমাদের লক্ষ্য,  
দায়িত্ব এবং  
মূল্যবোধ

রূপকল্প/লক্ষ্য

আমরা কাজ করি সমতা, ন্যায্যতা এবং দারিদ্রমুক্ত পৃথিবীর জন্য যেখানে মানবাধিকার ও গনতন্ত্রের চর্চাই হবে আমাদের সমাজ সংস্কৃতি

দায়িত্ব

কোস্ট ফাউন্ডেশন উপকূলীয় এলাকায় এমন সকল প্রয়োজনীয় কার্যক্রমসমূহ সংগঠিত করবে যেগুলো দরিদ্র এবং অনগ্রসর জনগোষ্ঠীর কার্যকর অংশগ্রহণের মাধ্যমে তাদের সমতাভিত্তিক ও টেকসই উন্নয়নে সহায়তা করবে।



মূল্যবোধ সমূহ

**আমাদের অবস্থান:** আমাদের অবস্থান গরীব মানুষের জন্য এবং তাদের স্বার্থ রক্ষার জন্য।

**কর্ম পদ্ধতি ও শিক্ষন:**

আমরা বিশ্বাস করি যে আমরা যা করছি তা-ই উন্নয়নের শেষ কথা নয়। সে কারণে আমরা আমাদের ভুল স্বীকার করতে কুণ্ঠা করি না। আমরা নতুন কিছু শিখার জন্যও সদা তৎপর থাকি।

**মানব যোগ্যতা:**

আমরা মনে করি যে, সকল মানুষই সমান যোগ্যতা নিয়ে পৃথিবীতে আসে। যদি সকলই সমান সুযোগ-সুবিধা পেতো তাহলে সকলই সমান যোগ্যতাসম্পন্ন হতো। দায়িত্ব ও বেতনের দিক থেকে আমরা বিভিন্ন পর্যায়ে হতে পারি কিন্তু সম্মান দেয়া নেয়ার ক্ষেত্রে আমরা সকলই সমান।

**মিতব্যয়ীতা:** ব্যক্তিগত এবং সংস্থা, সকল পর্যায়েই আমরা মিতব্যয়ীতায় বিশ্বাস করি।

## মূল্যবোধসমূহ

**জনসংগঠন তৈরী:**

আমরা শুধু ক্ষুদ্র ঋণের জন্য দল তৈরী করি না বরং বিশ্বাস করি যে গরীব মানুষের একটি আলাদা সংগঠন থাকা উচিত যা বিকল্প ক্ষমতা কাঠামো তৈরি, জবাবদিহীতা এবং অধিকার আদায়ের জন্য কাজ করতে পারে। এ ক্ষেত্রে আমরা শুধু অনুগঠকের ভূমিকায় থাকবো।

**সিদ্ধান্ত গ্রহণে মত প্রকাশের অধিকার:**

আমরা মনে করি যে যারা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন এবং যারা সিদ্ধান্তের কারণে প্রভাবিত হবেন সিদ্ধান্ত গ্রহণের সময় তাদের উভয়রে মত প্রকাশের সুযোগ থাকতে হবে।




## মূল্যবোধসমূহ

### সম্পর্ক এবং জবাবদিহিতা:

আমরা আমাদের মূল্যবোধ ও সংস্থার স্বার্থ সংশ্লিষ্ট বিষয়সমূহে আপোষ না করে সবার সাথে ভাল সম্পর্ক রাখবো। আমরা যেহেতু গণকেন্দ্রিক সংগঠন তাই আমরা যে কারো কাছে জবাবদিহি করতে কুণ্ঠাবোধ করি না।

### পরিবেশ এবং জীব বৈচিত্র:

আমরা পরিবেশ এবং জীববৈচিত্রের ভারসাম্যে বিশ্বাস করি। তাই আমরা সংস্থার কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় জ্ঞান ও সংস্কৃতিকে অধিক গুরুত্ব দিয়ে থাকি।



# ধন্যবাদ